

## বিজ্ঞপ্তি

বিষয় : ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর ফলাফল পুনঃ নিরীক্ষণ প্রসঙ্গে।


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর চূড়ান্ত ফলাফল গত ২৬/৯/২০১৭খ্রি. প্রকাশিত হয়েছে। যে সকল পরীক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরম পূরণ করে প্রতি পত্রে পুনঃনিরীক্ষণ ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকা-এর হিসাব নম্বরঃ 0200009082341 এর অনুকূলে অনলাইন ব্যাংকিং/টি.টি জমা দিতে হবে। অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না।

নির্ধারিত টাকা জমা দিয়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.iau.edu.bd](http://www.iau.edu.bd)) এ প্রকাশিত নির্দিষ্ট আবেদন ফরম ডাউনলোড করে পরীক্ষার্থীকে আবেদন করতে হবে। পুনঃনিরীক্ষার আবেদনপত্র ডাকযোগে অথবা সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (ভবন-২) ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ১৫/১০/২০১৭খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

আবেদন ফরম, পরীক্ষার ফলাফল/টেলিফোন শীট, রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, পরীক্ষায় উপস্থিতির স্বাক্ষরলিপি এবং ব্যাংকে টাকা জমা দেয়ার রশিদ স্ক্যান পূর্বক [iau.exam@gmail.com](mailto:iau.exam@gmail.com) এই ই-মেইলে সংযুক্ত করে পাঠাতে হবে।

খামের উপরে “ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর পুনঃনিরীক্ষণের আবেদনপত্র” কথাটি অবশ্যই লেখতে হবে। উত্তরপত্র পুনঃনিরীক্ষণ এর ফলাফল পরীক্ষার্থীর সংশ্লিষ্ট মাদরাসায় প্রেরণ করা হবে।

নির্ধারিত সময়ের পরে ডাক মারফত/সরাসরি প্রেরিত আবেদন কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

  
(প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী)  
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি প্রেরণ করা হলো :

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. একাডেমিক শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।